গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : **উপজেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সেপ্টেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯/০৯/২০২৪
সময় : বেলা ১২.৩০ মিনিট
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অত:পর এ উপজেলার জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জন্ম নিবন্ধন কার্যক্রম প্রসারে জনসচেতনতা বৃদ্ধির জন্য সভা, সমাবেশ এবং মাইকিং এর মাধ্যমে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য এবং জন্ম ও মৃত্যু নিসবন্ধন ফিস ও জরিমানা আদায় করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় ইউপি চেয়ারম্যানগণ জানান জনসাধারণের হাতে লেখা জন্ম সনদ রয়েছে, কিন্তু উক্ত জন্ম সনদ ইউনিয়নের ভলিউমে এন্ট্রি নেই এবং অনলাইনেও এন্ট্রি নাই। আবার দেখা যায় ভলিউমে এন্ট্রি থাকলেও অনলাইনে এন্ট্রি নেই বিধায় জনসাধারণকে বিড়ম্বনায় পড়তে হয়।

সভায় নিম্নবর্ণিতভাবে ইউনিয়ন ভিত্তিক ভূরুঙ্গামারী উপজেলার জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত চিত্র তুলে ধরা হয়:

মাসের নাম : আগস্ট ২০২৪

| উপজেলা | ইউনিয়ন | জন্ম নিবন্ধন তথ্য | | | | | | | মৃত্যু নিবন্ধনের তথ্য | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রত্যাশিত জন্ম সংখ্যা | নিবন্ধন সংখ্যা | পুরুষ | মহিলা | মোট | | নিবন্ধনের হার | সম্ভাব্য মৃত্যু | নিবন্ধন সংখ্যা | পুরুষ | মহিলা | মোট | | নিবন্ধনের হার |
| ভূরুঙ্গামারী | পাথরডুবি | | ০-৪৫দিন | ২ | ১ | ৩ | | | | ০-৪৫দিন | ০ | ০ | ০ | | |
| | | ৩৮ | ৪৬-৩৬৫ দিন | ৯ | ১০ | ১৯ | ২২ | ৫৭.৮৯ | ১১ | ৪৬-৩৬৫ দিন | ০ | ০ | ০ | ০ | ০.০০ |
| | শিলখুড়ী | | ০-৪৫দিন | ১ | ১ | ২ | | | | ০-৪৫দিন | ০ | ১ | ১ | | |
| | | ৩৯ | ৪৬-৩৬৫ দিন | ৮ | ১ | ৯ | ১১ | ২৮.২১ | ১১ | ৪৬-৩৬৫ দিন | ১ | ০ | ১ | ২ | ১৮.১৮ |
| | তিলাই | | ০-৪৫দিন | ৬ | ১ | ৭ | | | | ০-৪৫দিন | ০ | ০ | ০ | | |
| | | ২৮ | ৪৬-৩৬৫ দিন | ৮ | ২ | ১০ | ১৭ | ৬০.৭১ | ৮ | ৪৬-৩৬৫ দিন | ২ | ৩ | ৫ | ৫ | ৬২.৫০ |
| | পাইকেরছড়া | | ০-৪৫দিন | ৫ | ২ | ৭ | | | | ০-৪৫দিন | ০ | ০ | ০ | | |
| | | ৪৪ | ৪৬-৩৬৫ দিন | ১২ | ৪ | ১৬ | ২৩ | ৫২.২৭ | ১৩ | ৪৬-৩৬৫ দিন | ১ | ০ | ১ | ১ | ৭.৬৯ |
| | ভূরুঙ্গামারী | | ০-৪৫দিন | ৫ | ৭ | ১২ | | | | ০-৪৫দিন | ২ | ০ | ২ | | |
| | | ৮৩ | ৪৬-৩৬৫ দিন | ৭ | ৮ | ১৫ | ২৭ | ৩২.৫৩ | ২৪ | ৪৬-৩৬৫ দিন | ২ | ০ | ২ | ৪ | ১৬.৬৭ |
| | জয়মনিরহাট | | ০-৪৫দিন | ১ | ০ | ১ | | | | ০-৪৫দিন | ২ | ৩ | ৫ | | |
| | | ২৯ | ৪৬-৩৬৫ দিন | ৭ | ৭ | ১৪ | ১৫ | ৫১.৭২ | ৮ | ৪৬-৩৬৫ দিন | ০ | ০ | ০ | ৫ | ৬২.৫০ |
| | আন্ধারীঝাড় | | ০-৪৫দিন | ১ | ২ | ৩ | | | | ০-৪৫দিন | ১ | ০ | ১ | | |
| | | ৪১ | ৪৬-৩৬৫ দিন | ১ | ২ | ৩ | ৬ | ১৪.৬৩ | ১২ | ৪৬-৩৬৫ দিন | ২ | ০ | ২ | ৩ | ২৫.০০ |
| | বলদিয়া | | ০-৪৫দিন | ০ | ০ | ০ | | | | ০-৪৫দিন | ০ | ১ | ১ | | |
| | | ৪৪ | ৪৬-৩৬৫ দিন | ২ | ২ | ৪ | ৪ | ৯.০৯ | ১৩ | ৪৬-৩৬৫ দিন | ১ | ০ | ১ | ২ | ১৫.৩৮ |
| | চরভূরুঙ্গামারী | | ০-৪৫দিন | ২ | ২ | ৪ | | | | ০-৪৫দিন | ০ | ০ | ০ | | |
| | | ২৬ | ৪৬-৩৬৫ দিন | ২ | ৪ | ৬ | ১০ | ৩৮.৪৬ | ৭ | ৪৬-৩৬৫ দিন | ০ | ০ | ০ | ০ | ০.০০ |
| | বঙ্গসোনাহাট | | ০-৪৫দিন | ২ | ৪ | ৬ | | | | ০-৪৫দিন | ৭ | ৩ | ১০ | | |
| | | ৩৬ | ৪৬-৩৬৫ দিন | ২ | ৩ | ৫ | ১১ | ৩০.৫৬ | ১০ | ৪৬-৩৬৫ দিন | ১ | ১ | ২ | ১২ | ১২০.০০ |
| | মোট= | ৪০৮ | ০ | ৮৩ | ৬৩ | ১৪৬ | ১৪৬ | ৩৫.৭৮ | ১১৭ | ০ | ২২ | ১২ | ৩৪ | ৩৪ | ২৯.০৬ |

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত: -১

প্রতি মাসের ৩ তারিখের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য এবং নিয়মিত জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কিত তথ্য সংগ্রহপূর্বক অনলাইনের মাধ্যমে তথ্য হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত : ২

জন্ম নিবন্ধন রেজিস্টারে জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য অতি সতর্কতার সাথে এন্ট্রি করতে হবে, যাতে কোনো প্রকার কাটাকাটি না হয় এবং নিবন্ধিত ব্যক্তির তথ্য অনলাইনের মাধ্যমে হালনাগাদ করবেন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করবেন।

সিদ্ধান্ত: ৩

জন্ম নিবন্ধন সনদ ছাড়া কোনো সম্পত্তি যেন রেজিস্ট্রি না হয় সেবিষয়ে সাব-রেজিস্টার, ভূরুঙ্গামারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং জন্ম নিবন্ধন সনদ ছাড়া যেন কোনো বিয়ে রেজিস্ট্রি না হয় সেবিষয়ে কাজীদের নির্দেশনা প্রদানের জন্য সাব-রেজিস্টার, ভূরুঙ্গামারী এবং সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত: ৪

জন্ম নিবন্ধন সনদ ছাড়া কোনো ছাত্র-ছাত্রী যেন স্কুলে ভর্তি হতে না পারে সেবিষয়ে নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী এবং উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারীকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত: ৫

সরকারি সিদ্ধান্ত মোতাবেক যে সব ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক করা হয়েছে তা কঠোরভাবে মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত: ৬

যে সকল জনসাধারণের জন্ম সনদ ইউনিয়নের ভলিউমে এন্ট্রি নেই এবং অনলাইনেও এন্ট্রি নেই এবং যেসকল জনসাধারণের জন্ম নিবন্ধন এখনও হয়নি এমন জনসাধারণের তালিকা প্রস্তুত করে এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০৪৫.২৩- ৮৭৯

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১
৯ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.............................................ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. সাব-রেজিস্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।